# Times Today BD

অর্থনীতি | 04 May, 2025

মায়ের সঙ্গে ম্যাজিক্যাল মোমেন্টের ছবি আর গল্প বিকাশের সঙ্গে শেয়ার করে, মাকে নিয়ে তারকা অভিনেত্রী মেহজাবীন চৌধুরীর সঙ্গে ফাইভ স্টার হোটেলে ডিনারের সুযোগ পাচ্ছেন ২০ জন সন্তান।এ বছরের মা দিবস উপলক্ষ্যে ‘মায়ের মায়ায় ম্যাজিকাল মোমেন্ট’ ক্যাম্পেইনে মা-সন্তানের চিরন্তন ভালোবাসার বন্ধনের মুহূর্ত উদযাপনে বিকাশের এই আয়োজন।

আগামী ১১ মে পর্যন্ত এই ক্যাম্পেইনে অংশ নিতে বিকাশ পেমেন্টে ন্যূনতম ৫০০ টাকার কেনাকাটা করার পর বিকাশের ওয়েবসাইট বা ভেরিফায়েড ফেসবুক পেজে □□□□□://□□□□□□□□□□□□□□□.□□□/- ক্লিক করে মায়ের সঙ্গে ছবি এবং গল্প আপলোড এবং সাবমিট করতে হবে।

মায়ের সঙ্গে সন্তানের মুহূর্ত সবসময় বিশেষ।সেই বিশেষ মুহূর্ত থেকে আবার কখনও কখনও কোনো মুহূর্ত হয়ে ওঠে চিরস্মরণীয়, হয়ে ওঠে ম্যাজিক মোমেন্ট।তেমন মুহূর্ত আর গল্পকে উপস্থাপনেই এই উদ্যোগ নিয়েছে বিকাশ।পাশাপাশি ক্যাম্পেইনে অংশ নেওয়া বিজয়ীদের জন্য রয়েছে মাকে নিয়ে আরো একটা ম্যাজিক মোমেন্ট তৈরি করার সুযোগ।ওয়েবসাইটে জমা দেওয়া গল্প ও ছবির ভিত্তিতে ২০ জনকে নির্বাচিত করবেন অভিনেত্রী ও তারকা মেহজাবীন চৌধুরী।নির্বাচিতরা তাদের মা-কে সঙ্গে নিয়ে এই তারকার সঙ্গে ফাইভ স্টার হোটেলে ডিনারে অংশগ্রহণ করবেন।এছাড়া শর্ত পূরণ করে এই ক্যাম্পেইনে অংশ নেওয়া প্রত্যেক গ্রাহক ১০০ টাকার ডিসকাউন্ট কুপন পাবেন, যা নির্দিষ্ট মার্চেন্ট শপে ন্যূনতম ১,০০০ টাকা বিকাশ পেমেন্ট করে উপভোগ করতে পারবেন তারা।

ক্যাম্পেইনে অংশ নিতে বিকাশের ওয়েবসাইট বা ভেরিফায়েড ফেসবুক পেজ থেকে লিংকে ক্লিক করে মায়ের সঙ্গে ছবি এবং গল্প আপলোড করার সময় প্রতিযোগীর নাম এবং বিকাশ নম্বর লিখে ক্যাম্পেইনের শর্তগুলো পড়ে তা মেনে নিয়ে অগ্রসর হতে হবে।এরপর অংশগ্রহণকারীর দেওয়া ই-মেইল আইডিতে একটি ওয়ান টাইম কোড পাঠানো হবে।সেই ওটিপি-টি দিয়ে সাবমিট শেষ করতে হবে।এখান থেকেই গল্পসহ ছবি ডাউনলোড বা সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করার সুযোগও পাবেন অংশগ্রহণকারীরা।

বিকাশের ফেসবুক পেজ এবং □□□□□://□□□.□□□□□.□□□/□□□□□□□□□/□□□□□□□-□□□-□□□□□□□□□-□□□□ লিংক থেকে ক্যাম্পেইনের আরো বিস্তারিত তথ্য পাওয়া যাবে।

দিবস বিকাশ মেহজাবীন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:31

URL: https://www.timestodaybd.com/economy/6781961913